**যুগান্তর**

তারিখ OCT 1[illegible] 2006
পৃষ্ঠা: ১০ কলাম ৫

# পাঠক সেবায় গণউন্নয়ন গ্রন্থাগার

◆ মহসিন

গণউন্নয়ন গ্রন্থাগার বা সিডিএল তথ্যের অভাব পূরণের উদ্দেশ্যে ও পাঠকসেবা কার্যক্রমের মধ্য দিয়ে ১৯৮০ সাল থেকে পুরোদমে তাদের কার্যক্রম শুরু করে। শুরু থেকে আজ পর্যন্ত এর আকার, পরিধি, সেবার ধরন, মান এবং সংগ্রহ ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে। গ্রন্থাগারটি পাঠকসেবার পাশাপাশি বহুমুখী কর্মকাণ্ডের মাধ্যমে দেশের উন্নয়ন ও তথ্য ক্ষেত্রে বিভিন্ন ভূমিকা রাখার চেষ্টা করে আসছে। পাঠাগার ছাড়াও গ্রামীণ পর্যায়ে গ্রন্থাগার ও তথ্য কেন্দ্র, গবেষণা ও প্রকাশনা কার্যক্রম, অডিও ভিজ্যুয়াল কার্যক্রম, প্রশিক্ষণসহ নানাবিধ উন্নয়নমূলক কর্মসূচির আয়োজন করে আসছে। গণউন্নয়ন গ্রন্থাগারটি মূলত একটি এনজিওর মাধ্যমে পরিচালিত। বিদেশি অনুদানে এর প্রতিটি কার্যক্রম পরিচালনা করা হয়। সুইজারল্যান্ড ও জার্মানিসহ দেশের বিভিন্ন মাধ্যমের অনুদানের মাধ্যমে এটি পরিচালিত হয়ে আসছে। ছোট পরিসরের মাধ্যমে এই গ্রন্থাগার আজ বড় পরিসরে সবার সামনে তাদের সেবা তুলে ধরছে। বর্তমানে এই গ্রন্থাগারে ১৬ হাজারেরও বেশি বই সংগৃহীত আছে। উন্নয়নমূলক বই এ গ্রন্থাগারে বেশি প্রাধান্য পায়। দেশি এবং বিদেশি প্রকাশকের বই এখানে পাওয়া যায়। বইয়ের পাশাপাশি দেশি-বিদেশি মোট ২০১টি জার্নাল ও ১০টি দৈনিক পত্রিকা নিয়মিত রাখা হয়। বর্তমানে গ্রন্থাগারের মোট পাঠক সদস্য সংখ্যা ২ হাজার ২০০ জনেরও বেশি। বই সংগ্রহের পাশাপাশি এ গ্রন্থাগার ১০টি দৈনিক পত্রিকা থেকে ৫১টি বিষয়ের ওপর নিউজ ক্লিপিং করে থাকে, যা গবেষকসহ সবার জন্য বিশেষ প্রয়োজনীয়। উল্লেখযোগ্য বিষয়গুলো হল— অস্বাভাবিক মৃত্যু, আদিবাসী ও সংখ্যালঘু সম্প্রদায়, উন্নয়ন পরিকল্পনা, স্বাস্থ্য, কৃষি পণ্য, যুব সংগঠন, জনসংখ্যা প্রভৃতি। গবেষকসহ যে কেউ এর মাধ্যমে অনায়াসেই প্রয়োজনীয় তথ্যাদি পেতে পারেন। গণউন্নয়ন গ্রন্থাগার তথ্য সরবরাহ ছাড়াও তথ্য বিশ্লেষণের জন্য নিয়মিত পাঠচক্র ও সেমিনারের আয়োজন করে থাকে। বিভিন্ন বই ছাড়াও বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশের নানা বিষয়ের ওপর ডকুমেন্টারি ফিল্মের ভিসিডি পাওয়া যায়, যা আপনি কপি করে আনতে পারবেন।

গণউন্নয়ন গ্রন্থাগারে যে কেউ অথবা যে কোন সংগঠন সদস্য হতে পারবে। ব্যক্তির ক্ষেত্রে ২০০ টাকা জামানতসহ (ফেরতযোগ্য) ১৫০ টাকা বার্ষিক ফি দিয়ে সদস্য হতে হবে। নবায়ন ফি ১০০ টাকা। আর সংগঠনের ক্ষেত্রে ১ হাজার ৫০০ টাকা বার্ষিক ফি দিতে হবে। নবায়ন ফি ১ হাজার টাকা। যে কোন সদস্য ২ সপ্তাহের জন্য ২টি করে বই বাড়িতে নিয়ে যেতে পারবেন। কোন ডকুমেন্টারি ফিল্ম নিতে চাইলে রেকর্ডিং চার্জ ৭৫ টাকার বিনিময়ে নিতে পারবেন। তবে সিডির মূল্য আলাদা প্রদানযোগ্য। এখানে আরেকটি যে সুবিধা পাওয়া যায় তা হল কম্পাইলেশন। অর্থাৎ দেশীয় বিভিন্ন ম্যাগাজিন থেকে ৮টি বিষয় নিয়ে একটি ফাইল তৈরি করা হয়, যা ৬ মাস অন্তর অন্তর আপগ্রেড করা হয়। সদস্যরা ইচ্ছে করলেই যে কোন নিউজ ক্লিপ বা নোট ফটোকপি করে নিতে পারবেন।

খুব শিগগিরই গ্রন্থাগারের সব সংগ্রহ দেশ-বিদেশের পাঠকদের উদ্দেশ্যে অনলাইনে তুলে ধরতে যাচ্ছে। ভবিষ্যতে গণউন্নয়ন গ্রন্থাগারকে আরও বিশদভাবে, আরও বেশি তথ্য নিয়ে সারাবিশ্বে তুলে ধরার ইচ্ছে প্রকাশ করেন গণউন্নয়ন গ্রন্থাগারের সহকারী প্রোগ্রাম অফিসার শিউলী রোজলিন পালমা। পাঠকদের জন্য শনি থেকে বুধবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত এবং বৃহস্পতিবার সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত খোলা থাকে।

ঠিকানা : বাড়ি-৬৭/বি, রোড- ৯/এ (৩য় তলা), ধানমণ্ডি, ঢাকা-১২০৯।
ফোন : ৮১১৩৭৬৯, ৮১১০৪৯৫,
ওয়েবসাইট : www.cdlbd.org